



টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড (টেশিস)

ডিজিটাল ডিভাইস উৎপাদন, সংযোজন ও সরবরাহকারী একমাত্র রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠান

ব্যবস্থাপনা পরিচালক এর কার্যালয়, টঙ্গী, গাজীপুর ১৭১০

E-mail: info@tss.com.bd, Website: www.tss.com.bd, Fax: 02-9812700



উন্নত মান ও বিশ্বস্ত সেবার পবিত্র

স্মারক নং- ১৪.৩৬.০০০০.০১৩.০০৭.০৩.১৬.১১৬৫ (খ)

তারিখঃ ০৮/০২/২০২২ খ্রিঃ

“ডিলার নিয়োগ সংক্রান্ত আগ্রহ-ব্যক্তকরন অনুরোধ (RFP) পুনঃ বিজ্ঞপ্তি”

বাংলাদেশের বিভিন্ন বিভাগীয় শহরে এবং জেলা শহরে সরকারী মালিকানাধীন “টেলিফোন শিল্প সংস্থা লিমিটেড” এর উৎপাদিত/ সংযোজিত বিভিন্ন মডেলের দোয়েল ল্যাপটপ ও অন্যান্য ডিজিটাল ডিভাইস সরকারী/ আধা-সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান ও বেসরকারী পর্যায়ে সরবারহ/ বিপণন/ বিক্রয় করার জন্য ল্যাপটপ ও ডিজিটাল ডিভাইস সামগ্রী বিক্রয়ে অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে আগামী ২৮/০২/২০২২খ্রিঃ তারিখের মধ্যে ডিলারশীপ গ্রহণের জন্য প্রস্তাব দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। ব্যবস্থাপনা পরিচালক এর অনুকূলে নিম্নে বর্ণিত দলিলাদি সহ প্রস্তাব দাখিল করতে হবে।

ডিলার হিসেবে নিয়োগ পাওয়ার জন্য প্রয়োজনীয় দলিল পত্রাদিঃ

- ব্যবসা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স।
- টিআইএন নম্বর সহ হালনাগাদ আয়কর সার্টিফিকেট।
- ব্যাংক কর্তৃক ইস্যুকৃত আর্থিক স্বচ্ছলতার হালনাগাদ প্রত্যয়নপত্র।
- দোকান ও গোডাউন ভাড়ার চুক্তিনামার সত্যায়িত কপি/ বাৎসরিক/ মাসিক ভাড়া প্রদানের রশিদ।
- দোকানে নিয়োজিত কর্মচারীর সংখ্যা ও শিক্ষাগত যোগ্যতার বিবরণ।
- দোকান ও গোডাউনের অবস্থান এবং সাইজের বিবরণ।
- আবেদনকারীর ২কপি পাসপোর্ট সাইজের ছবি।
- জাতীয় পরিচয় পত্রের কপি।

নির্বাচিত প্রতিষ্ঠানের সাথে ডিলারশীপ চুক্তিনামা স্বাক্ষর করা হবে, যা প্রাথমিকভাবে ২৮/০২/২০২৩ খ্রিঃ তারিখে পর্যন্ত কার্যকর থাকবে, যা সন্তোষজনক কাজের ভিত্তিতে পরবর্তীতে নবায়নযোগ্য হবে। উক্ত চুক্তিনামা স্বাক্ষর করার জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে জামানত হিসেবে কোন অর্থ পরিশোধ করতে হবে না। এছাড়া চুক্তিকালীন সময়ের মধ্যে নির্বাচিত ডিলারদের কোম্পানীর নির্ধারিত লক্ষ্যমাত্রার মালামাল বিক্রয় করতে হবে এবং অর্জিত বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে প্রচলিত নিয়ম মোতাবেক বিক্রয়/ উৎসাহ বোনাস প্রদান করা হবে।

যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিস্তারিত তথ্য জানার জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করার অনুরোধ করা হলো-

নং	নাম	পদবী	মোবাইল
১	জনাব মোঃ মাহমুদুল হাসান	সহকারী ব্যবস্থাপক (বিক্রয়, বিপণন ও সেবা)	০১৫৫০০১৭৩৮০
২	জনাব এ বি এম নাহিদুজ্জামান	সহকারী ব্যবস্থাপক (বিক্রয়, বিপণন ও সেবা)	০১৫৫০০১৭৩৫৮
৩	জনাব রকিবুল হাসান মোঃ ইউসুফ	সহকারী ব্যবস্থাপক (বিক্রয়, বিপণন ও সেবা)	০১৫৫০০১৭৩৭৭

০৪/০২/২০২২

(মোঃ মিজানুর রহমান মোল্লা)

উপ-মহাব্যবস্থাপক (বিক্রয়, বিপণন ও সেবা)

মোবাইল নং- ০১৫৫০০১৭৩২৯